

## ২০২০ সাল এবং ২০২১ সাল বাংলাদেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ সময়

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ, এমপি

আজ সকাল ১১.০০ টায় মন্ত্রণালয়ের সভাকক্ষে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপিকে মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তাবৃন্দ ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন। এসময় মন্ত্রী কর্মকর্তাদের উদ্দেশ্যে বলেন, ২০২০ সাল এবং ২০২১ সাল বাংলাদেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ সময়। ২০২০ সালে স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং ২০২১ সালে বাংলাদেশের সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন করা হবে। এর আগেই আমাদেরকে অনেক কিছু অর্জন করতে হবে। রেমিটেন্স বৃদ্ধিতে কার্যকর ভূমিকা পালন করতে হবে। প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জানিয়ে তিনি বলেন, বাংলাদেশের বর্তমান প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ঘোষিত সমৃদ্ধির অত্রযাত্রায় বাংলাদেশ অর্জনে সকলকে যথাযথ ভূমিকা পালন করতে হবে।

মন্ত্রী বলেন, সর্বদা জনসেবার মানসে দায়িত্ব পালন করতে হবে। সরকারি দায়িত্ব পালনে দেশ ও দেশের জনগণের কথা সর্বাত্মে ভাবতে হবে। তিনি আরো বলেন, বর্তমান সরকার অনেক জনবান্ধব নীতি গ্রহণ করেছে।

অনুষ্ঠানে সচিব রৌনক জাহান বলেন, সরকারের ভিশন বাস্তবায়নে মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীরা অঙ্গীকারবদ্ধ। মন্ত্রীকে উদ্দেশ্য করে সচিব বলেন, “আপনি মন্ত্রী হওয়ায় আমরা সবাই আনন্দিত এবং গর্বিত। আপনার দক্ষ নেতৃত্বে অচিরেই শ্রম অভিবাসনে চ্যালেঞ্জ মোকাবেলায় সক্ষম হবো।”

এ সময় মন্ত্রণালয়ের সচিব রৌনক জাহান, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস, বোয়েসেল এর ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তী, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. আহমেদ মুনিরুছ সালেহীন, মোঃ নাজীবুল ইসলাম, সাবিহা পারভীন, বিএমইটি'র অতিরিক্ত মহাপরিচালক শেখ মোঃ রফিকুল ইসলাম, প্রবাসী কল্যাণ ব্যাংক এর ব্যবস্থাপনা পরিচালক মাহতাব জাবীনসহ মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীন দপ্তর সংস্থার কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গতকাল সন্ধ্যায় ইমরান আহমদ এমপি, মন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন। এর আগে তিনি এ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্বপ্রাপ্ত ছিলেন।



